মেহেরপুরে ভোটকেন্দ্র বেড়েছে ১৮টি, নির্বাচন কমিশনের খসড়া তালিকা

দ্বাদশ সংসদ নির্বাচন উপলক্ষে সংসদীয় আসন ৭৩ মেহেরপুর-১ ও সংসদীয় আসন ৭৪ মেহেরপুর-২ মিলে সমগ্র জেলায়নএকাদশ সংসদ নির্বাচনের চেয়ে মোট ১৮টি ভোটকেন্দ্রের সংখ্যা খসড়া তালিকা প্রকাশ করা হয়েছে।

ভোটকেন্দ্র স্থাপন নীতিমালা অনুযায়ী মাঠপর্যায়ে গঠিত সংশ্লিষ্ট কমিটি সারা দেশে গত ১৬ আগষ্ট বুধবার এই খসড়া তালিকা প্রকাশ করে। এতে মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলার ১১টি ইউনিয়ন ও ১টি পৌরসভা নিয়ে নিয়ে গঠিত সংসদীয় আসন ৭৩ মেহেরপুর ১ আসনে মোট ১১৮ টি ভোটকেন্দ্র ৭০১ টি বুথ ও ৩ লক্ষ ৫ হাজার ৯৫৭ জন ভোটার এবং সংসদীয় আসন ৭৪ এ মোট নয়টি ইউনিয়ন ও একটি পৌরসভা নিয়ে গঠিত মেহেরপুর-২ আসনটিতে ৮৮ টি ভোট কেন্দ্র ৬১৮ টি বুথ ও ২ লক্ষ ৭৭ হাজার ৩৬৪ জন ভোটার প্রস্তাব করে খসড়া তালিকা প্রকাশ করা হয়েছে।

মেহেরপুর জেলা নির্বাচন কর্মকর্তা মোঃ ওয়ালিউল্লাহ বলেন, ‘ভোটকেন্দ্রের খসড়া তালিকা নিয়ে কারো কোন আপত্তি থাকলে তা ৩১ আগস্টের মধ্যে জানাতে হবে। আগামী ১৭ ই সেপ্টেম্বর খসড়া তালিকা থেকে চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে। নতুন প্রস্তাবিত ভোট কেন্দ্রের খসড়া তালিকায় পূর্বের কোনো কেন্দ্র বাদ যায়নি। উপরন্ত ভোটার সংখ্যার বিবেচনায় নতুনভাবে দুইটি আসন মিলে মোট ১৮টি ভোটকেন্দ্র বৃদ্ধি করার প্রস্তাব রাখা হয়েছে খসড়া তালিকায়।’